জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/২০০৩/৪২৭/অংশ-০১/২০১৬/৩২৮৫

তারিখ ঃ ১০ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারী ২০১৭ খ্রিস্টাব্দ

২০১৬ সালের বি এস এড ও এম এস এড কোর্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সালের বি এস এড ও এম এস এড কোর্স পরীক্ষা মার্চ-২০১৭ অনুষ্ঠিত হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে। উক্ত পরীক্ষার যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বি এস এড ও এম এস এড পরীক্ষা বিষয়ক
ওয়েব সাইট ঃ www.nu.edu.bd

১। আবেদন ফরম পূরণ ও জমাদান এবং ব্যাংক ড্রাফট করার সময়সীমাঃ

ক) পরীক্ষার্থীকে অন-লাইন থেকে আবেদন ফরম সংগ্রহ করার সময়সীমা	০১/০৩/২০১৭ হতে ০৮/০৩/২০১৭
খ) পূরণকৃত আবেদন ফরম ও নির্ধারিত ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার শেষ তারিখ	০৮/০৩/২০১৭
গ) কলেজ কর্তৃক অন-লাইনে ডাটা এন্ট্রি/ফরমপূরণ নিশ্চয়ন করার শেষ তারিখ	১২/০৩/২০১৭
ঘ) কলেজ কর্তৃক ফরমপূরণের ফি এর টাকা "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়ার তারিখ	১৪/০৩/২০১৭
ঙ) ফরমপুরণকৃত পরীক্ষার্থীদের আবেদন ফরম, অন-লাইন বিবরণী, সোনালী সেবায় জমাকৃত ফি জমাদানের রশিদের কপি ও অন্যান্য কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার তারিখ	১৫/০৩/২০১৭

বিঃ দ্রঃ- নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।

২। বি এস এড ও এম এস এড কোর্স পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

১। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি)		২৫০০/-
২। অতিরিক্ত বিষয়ের জন্য		৫০০/-
৩। এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষা ফি		১৫০০/-
৩। কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবেনা) **		৫০০/-
৪। নম্বরপত্র ফি	২০১৬ সালের পরীক্ষার্থী এবং যারা ২০১৪ ও ২০১৫ সালে পরীক্ষায় ফরম পূরণ করেনি শুধুমাত্র তাদের জন্য প্রযোজ্য।	৩০০/-
৫। সাময়িক সনদপত্র ফি		৩০০/-

** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের ৪০% পরিমান নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে অবশিষ্ট ৬০% নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ২০১৫ সালের বি এস এড ও এম এস এড পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২০১৩-২০১৪,২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে যে সকল ছাত্র/ছাত্রীর নাম বিধিসম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রেশন করা হয়েছে কেবলমাত্র সেইসব শিক্ষার্থীরা অংশ গ্রহণ করতে পারবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের বি এস এড ও এম এস এড পরীক্ষায় সকল বিষয় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারাই শুধুমাত্র ২০১৬ সালের পরীক্ষায় এক বিষয়ে অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৬ সালের বি এস এড ও এম এস এড পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রয়োজনীয় সংখ্যক প্রশ্নপত্রের তালিকা প্রতিবেদন (বিষয় ভিত্তিক) আবেদন ফরম জমা দেয়ার সময় অবশ্যই জমা দিতে হবে। বিষয় ভিত্তিক তালিকা প্রতিবেদন জমা না দেয়া হলে ভবিষ্যতে প্রশ্নপত্র ও উত্তরপত্রের সংখ্যার গড়মিল হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজকেই বহন করতে হবে।

৪। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ্য থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

খ) মানোন্নয়ন/নির্বাচিত বিষয়কোড সমূহ পরীক্ষার্থীকে সতর্কতার সহিত নিজ দায়িত্বে এন্ট্রি দিতে হবে।

গ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি জমা দিতে হবে।

ঘ) আবেদন ফরম পূরণে/ডাউনলোডের সময় যেকোন ধরণের ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্রে ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও বিবরণীর ফটোকপি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ কোনক্রমেই প্রবেশপত্র সংশোধন করতে পারবেন না।

ঙ) অনিয়মিত শিক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্র আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

E:\Professional\MSed\NOTICE bsed 2015.DOC

৫। **ফরমপূরণে কলেজের জন্য করণীয়ঃ**

ক) বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইটে College Log-in-এ প্রবেশ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-সংগ্রহ করা যাবে। Log-in-এর জন্য ওয়েবসাইটে College Profile- থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব কলেজে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) জমাকৃত আবেদন ফরম অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যেই College Log-in-এ প্রবেশ করে ফরমপূরণ নিশ্চয়ন করতে হবে।

ঘ) পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে কলেজ উক্ত পরীক্ষার্থীর আবেদন ফরমটি অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধুমাত্র কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী/তালিকা প্রিন্ট করতে হবে।

ঙ) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রি/ফরমপূরণ নিশ্চয়নের জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি/নিশ্চয়ন সম্পন্ন করতে হবে।

চ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীল গালা অবস্থায় সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

ছ) পরীক্ষার্থীদের সমস্যা নিরসনের জন্য **০১৯৫৫০৭০২৯৭, ০১৯৫৫০৭০২৯৮, ০১৯৫৫০৭০২৯৯ ও ০১৯৬৬৮৯৪৭০৩** মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৬। **আবেদন ফরম, বিবরণী ফরম ও কাগজপত্রাদি জমাদানের নিয়মাবলীঃ**

ক) আবেদনফরম সমূহ সঠিকভাবে অন-লাইনে নিশ্চয়ন সম্পন্ন করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, বি এস এড (প্রফেশনাল) শাখা এর দপ্তরে **হাতে হাতে জমা দিতে হবে** (বিবরণী ফরমের ফটোকপি কলেজ সংরক্ষণ করবে)। **ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।**

খ) আবেদন ফরমের এক কপি, নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের অন-লাইন বিবরণী ও সোনালী সেবায় টাকা জমার রশিদের কপিসহ সংশিস্নষ্ট শাখায় জমা দিতে হবে।

গ) বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক "প্রশ্নপত্রের চাহিদা বিবরণী" যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে। **চাহিদা পত্রে ভুল তথ্য প্রদানের ফলে প্রশ্নপত্রের ঘাটতি হলে তার দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় বহন করবে না।**

৭। **বিশ্ববিদ্যালয়ের ফি জমাদানের নিয়মাবলী ঃ**

ক) সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি এর সমুদয় অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত জমা ফরম উল্লিখিত ওয়েবসাইট থেকে ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দেয়া যাবে।

খ) সংশ্লিষ্ট কলেজ উলিস্নখিত ওয়েবসাইট-এ Log-in করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

গ) Pay Slip সংগ্রহের জন্য ১৩/০৩/২০১৭ সকাল ১০:০০ টা থেকে ১৪/০৩/২০১৭ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত Link active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

ঘ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জনাব মোঃ হুমায়ুন কবির, সহকারী সিস্টেম এনালিস্ট, **০১৮৬৭০৬৫১১১** মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৮। বিবিধ ঃ

ক) পরীক্ষার্থীদের প্রবেশপত্র ওয়েব-সাইটে থেকে ডাউন লোড করে নিতে হবে।
খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।
গ) ফি জমাদানের সময় অবশ্যই কলেজ অধিভুক্তি/অধিভুক্তি নবায়নের চিঠি সংশিস্নষ্ট শাখায় জমা দিতে হবে।
ঘ) পরীক্ষার বিস্তারিত সময়সূচী ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।
ঙ) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

২২।২।১৭

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ৯২৯১০১৭ (অফিস)

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/২০০৩/৪২৭/অংশ-০১/২০১৬/ ৬২৮৫

তারিখ ঃ ১০ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারী ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। ডীন, স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, আই সি টি ও কম্পিউটার ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিএড পাঠদানকারী সংশিষ্ট কলেজসমূহ
৭। অফিস কপি।